# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 JANUARY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

১। সংসদে এক দেশ এক নির্বাচন বিল উত্থাপনের মাধ্যমে সরকার দেশে সুপ্রশাসন প্রতিষ্ঠিত করার বিষয়টি পুনরায় স্মরণ করিয়ে দিয়েছে বলে সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় জাতীর উদ্দেশ্যে ভাষণে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর মন্তব্য ।

২। ৭৬ তম সাধারণতন্ত্র দিবস উপলক্ষে সমগ্র দেশে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ।

৩। সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল এই দিবস পালনের প্রস্তুতি সম্পূর্ণ।

এবং

৪। আসাম পুলিশের উপ-মহাপরিদর্শক ইন্দ্রাণী বরুয়াকে রাষ্ট্রপতির বিশেষ সেবা পদক এবং রাজ্যের আরো ১৬ জন পুলিশ আধিকারীক ও জওয়ানকে উৎকৃষ্ট সেবা পদক প্রদান।

---

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপাদী মুর্মু বলেছেন যে সংসদে এক দেশ এক নির্বাচন বিল উত্থাপনের মাধ্যমে সরকার দেশে সু-প্রশাসন প্রতিষ্ঠিত করার প্রতিশ্রুতির বিষয়টি পুনরায় স্মরণ করিয়ে দিয়েছে । তিনি বলেন যে এক দেশ এক নির্বাচনের পরিকল্পনা প্রশাসনিক ব্যবস্থাকে আরো শক্তিশালী করে তুলবে এবং একই সঙ্গে সরকারী ব্যায়ের বোঝা লাঘব করে পরিকল্পনা ভিত্তিক সম্পদের ব্যবহারকে সুব্যবস্থা করতে সহায়তা করবে । দেশের সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় দেশবাসীকে সম্মোধন করে রাষ্ট্রপতি

এই মন্তব্য করে বলেন যে সরকার এ ধরণের বলিষ্ঠ সংস্কার মূলক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে একটি শক্তিশালী দেশ গঠনের স্বপ্ন বাস্তবায়নের পথ প্রশস্থ করার পরিকল্পনা গ্রহণ করেছে । তিনি বলেন যে ১৯শো ৪৭ সালের পর থেকে দেশে অব্যাহত বিভিন্ন ব্যবস্থার সংস্কার করে সরকার জনসাধারণের মধ্যে প্রাচীন এবং ঔপনিবেসিক প্রথার অবলুপ্তি ঘটিয়ে নতুন এবং বর্তমান প্রচলিত ব্যবস্থাকে প্রতিষ্ঠিত করার বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেছে । তিনি বলেন যে সরকারের গৃহিত সংস্কার মূলক বিভিন্ন ব্যবস্থার মধ্যে উল্লেখযোগ্য বিলগুলি হচ্ছে ভারতীয় প্যানেল কোড , ভারতীয় ন্যায় সংহিতা , ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সুরক্ষা অধিনিয়ম ইত্যাদি । রাষ্ট্রপতি বলেন যে আইনের ঔপনিবেসিক দিক গুলির আমূল পরিবর্তন করে এই অধিনিয়মের অধীনে মহিলাদের অধিকারকে বিশেষভাবে অগ্রাধিকার প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আগামীকাল যথাযোগ্য মর্যাদায় ৭৬ তম সাধারণতন্ত্র দিবস উদযাপন করা হবে ।সাধারণতন্ত্র দিবস উপলক্ষে রাজধানী দিল্লীতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।দেশের এই ঐতিহাসিক মুহুর্তে যাতে কোনধরণের অপ্রীতিকর ঘটনা সংঘঠিত না হয় তার জন্য দিল্লীতে ছয় স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা হয়েছে ।দিল্লী পুলিশের প্রকাশিত তথ্য অনুযায়ি অর্ধ সামরিক বাহিনীর ৭০ টিরও বেশী কোম্পানী সহ ১৫ হাজারের ও বেশী পুলিশ নিয়োগ করা হয়েছে ।সুরক্ষা ব্যবস্থায় দ্রোণ ও সিসিটিভির ব্যবহার করা হবে ।সাইবার বিশেষজ্ঞরা নিরাপত্তা ব্যবস্থার ওপর দৃষ্টি রেখে চলেছেন ।সাধারণতন্ত্র দিবসের প্যারেডের পথ এবং পার্শ্ববর্তী এলাকায় ৫০০ টি উচ্চ ক্ষমতা সম্পন্ন এ আই কেমেরা স্থাপন করা হয়েছে ।কর্তব্যপথকে ইতিমধ্যে সুসজ্জিত করে তোলা হয়েছে ।এবার সাধারণতন্ত্র দিবসে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রবও সুবিয়ান্টো মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন ।এবারের এই দিবসের কুচকাওয়াজের প্রতীকপটের বিষয়বস্তু হচ্ছে ‘ঐতিহ্য ও বিকাশ ’।এই শোভাযাত্রা এবং প্যারেডে দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতীকপট অংশগ্রহণ করবে ।
এদিকে সাধারণতন্ত্র দিবসের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সীমান্তে বিশেষ সতর্কতা অবলম্বন করা হয়েছে ।বাংলাদেশের সঙ্গে থাকা মোট ৪ হাজার ৯৬ কিলোমিটার সীমান্তে বি এস এফ কড়া নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলেছে ।

---------------------------------------------------------------------------------

৭৬ তম সাধারণতন্ত্র দিবসে নতুনদিল্লীর কর্ত্তব্যপথে অনুষ্ঠেয় কুচকাওয়াজ , প্রতীকপট , শোভাযাত্রা ও সাংস্কৃতিক কার্যসূচী সমুহ আকাশবাণী ও দূরদর্শন থেকে সরাসরি সম্প্রচার করা হবে ।আগামীকাল সকাল ৯ টা ৪০ মিনিট থেকে আকাশবাণী ও দূরদর্শনের

সবকটি নেটওয়ার্ক , প্রসারভারতীর অটিটি প্লেটফর্ম ওয়েভের মাধ্যমেও এই অনুষ্ঠার সম্প্রচার করা হবে ।

-----------------------------------------------------------------------------------------------

রাজ্যে সাধারণতন্ত্র দিবস উদযাপনের প্রস্তুতি সম্পূর্ন হয়ে উঠেছে । রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য ৭৬তম সাধারণতনমত্র দিবস উপলক্ষ্যে আগামীকাল সকাল ৯ টায় রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষণ দেবেন । দেশের এই ঐতিহাসিক মূহূর্তে যাতে কোনোধরণের নাশকতামূলক কার্যকলাপ সংঘটিত না হয় তার জন্য পুলিশ কঠোর নিরাপত্তা ব্যাবস্থা গ্রহন করেছে । রেলপুলিশও রেললাইনগুলিতে সতর্ক দৃষ্টি রেখে চলেছে । গৌহাটীর খানাপারার আসাম পশুপালন ও পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠেয় কার্যসূচীতে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য পতাকা উত্তোলন করবেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল ডিব্রুগড়ের খনিকর খেলার মাঠে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করবেন । মূখ্যমন্ত্রী তাঁর জাপান সফর শেষ করে আজ ডিব্রুগড়ের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন ।
সাধারনতন্ত্র দিবস উপলক্ষ্যে গৌহাটী মহানগর সহ রাজ্যের সব জেলায় নিরাপত্তা সহ যাবতীয় ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে ।
এবার নতুন দিল্লির সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে আসামে ট্যাবলো না থাকলেও বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র চরাইদেও মৈদাম, পরম্পরাগত নৃত্য, ঝাঁপি, গণ্ডার ইত্যাদি প্রতীক হিসেবে লালকেল্লায় প্রদর্শন করা হবে।

বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল ৭৬তম সাধারনতন্ত্র দিবস যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হবে ।

কাছাড় জেলায় এই দিবস উপলক্ষ্যে ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হয়েছে । আগামীকাল সকাল ৯টায় পুলিশ প্যারেড গ্রাউন্ডে জাতীয় পতাকা উত্তোলন করবেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রায় । জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে আগামীকাল সকাল সাড়ে পাঁচটা থেকে সাড়ে ছটা পর্য্যন্ত শহরের স্থায়ী মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত প্রচার করা হবে । এছাড়া সকাল সাতটায় বেসরকারী বাসগৃহ , কার্য্যলয়ে এবং সকাল ৮টায় সরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । সকাল সাড়ে ৮ টায় গান্ধীবাগে গান্ধীজীর প্রতিকৃতিতে মাল্যদান , ৮টা ৪০ মিনিটে গান্ধীবাগে শহীদ বেদীতে মাল্যদান । সকাল ১০টায় বিভিন্ন বিভাগ কর্তৃক ট্যাবলো প্রর্দশন ও সাংস্কৃতিক অনুষ্ঠান , সকাল ১১টা ২০ মিনিটে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল , কাছাড় ক্যান্সার হাসপাতাল ,

ভারতীয় রেডক্রস সোসাইটির শিশু হাসপাতালের রোগী ও শিলচর কেন্দ্রীয় কারাগারের কয়েদিদের  মধ্যে ফল বিতরন করা হবে । বেলা ১২টায় জেলা ক্রীড়া সংস্থার মাঠে জেলা প্রশাসন একাদশ ও জেলা ক্রীড়া সংস্থার প্রবীন একাদশের মধ্যে প্রদর্শনী ক্রিকেট ম্যাচ , বিকেল চারটা ৪৫ মিনিটে জাতীয় পতাকা নামানো এবং সন্ধ্যায় সব সরকারী কার্য্যলয় ও মনিষীদের প্রতিমূর্তিতে আলোক সজ্জার ব্যবস্থা করা হয়েছে ।

রাজ্যের মীন ,পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আগামীকাল সকাল ৯ টায় শ্রীভূমি জেলা সদরে ডি এস এ ময়দানে জাতীয় পতাকা উত্তোলন করবেন । এছাড়া সারাদিনব্যাপী

অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে সকাল সাড়ে পাঁচটায় প্রভাতফেরী ,সকাল সাড়ে ছটায় শহরের স্থায়ী মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন ,সকাল ৭ টায় জনসাধারণের বাসভবন ,দোকান বাণিজ্যিক প্রতিষ্ঠান ও কারখানা ইত্যাদিতে ,সকাল সাড়ে সাতটায় সরকারি ভবন ,কার্যালয় ,শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদিতে পতাকা উত্তোলন ,সকাল ৮ টা বেজে ২০ মিনিটে নেতাজী ব্যায়াম সংঘের সদস্যদের জাতীয় পতাকা সহ শ্রীভূমি শহর পরিক্রমা ইত্যাদি ।

হাইলাকান্দি জেলায়ও আগামীকাল সাধারনতন্ত্র দিবস যথাযোগ্য মর্য্যাদায় বিভিন্ন কার্য্যসুচীর মাধ্যমে পালন করা হবে । এবছর সাধারনতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান নেতাজী সুভাষচন্দ্র বসু স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । এই অনুষ্ঠানে সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করবেন জেলা আয়ুক্ত নিসর্গ হিবারে গৌতম । এর আগে সকাল ৬টায় স্থায়ী মাইকযোগে দেশাত্মবোধক সঙ্গীতের প্রচার , সকাল ৭টায় বেসরকারী কার্য্যলয় ,বাসগৃহ , সকাল সাড়ে সাতটায় সরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । এছাড়া সকাল ১১টায় হাসপাতালের রোগী ও জেলের কয়েদিদের মধ্যে ফল-মিষ্টি বিতরন করা হবে ।এদিকে আজ সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে হাইলাকান্দি পুলিশ এক শোভাযাত্রার আয়োজন করে । জেলার পুলিশ সুপার লীনা দোলের নেতৃত্বে এই শোভাযাত্রায় আসাম পুলিশের মহিলা ও পুরুষ দল সহ সি আর পি এফ ,কমান্ডো

বাহিনী ,ব্যাটালিয়ন ও পুলিশ সুপারের কার্যালয়ের কর্মীরা অংশগ্রহন করেন । শোভাযাত্রাটি হাইলাকান্দি শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে

--------------------------------------------------------------------------------

সাধারণতন্ত্র দিবসের প্রাককালে আজ দেশের বেশ কয়েকজন পুলিশ আধিকারীক তথা জওয়ানদের রাষ্ট্রপতির বিশেষ সেবা ও উৎকৃষ্ট সেবা পদক প্রদান করা হয় ।আসাম

পুলিশের উপ মহাপরিদর্শক ইন্দ্রাণী বরুয়াকে রাষ্ট্রপতির বিশেষ সেবা পদক প্রদান করা হয়েছে ।এছাড়া আসাম পুলিশের আরো ১৬ জন আধিকারীককে উৎকৃষ্ট সেবা পদক প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় সাধারণতন্ত্র দিবস সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলার অতিরিক্ত জেলা মেজিস্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে যেকোন ধরণের অস্ত্র , লাঠি , দা , আগ্নেয়াস্ত্র ইত্যাদি নিয়ে চলচলে নিষেধাজ্ঞা জারি করেছেন ।জনসাধারণের সুরক্ষার জন্য এই আদেশ সমগ্র জেলায় তাৎক্ষণিকভাবে বলবৎ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

জাতীয় ফুটসল খেলোয়াড় পুষ্পা সাহুকে আজ হাইলাকান্দি জেলা বিজেপির পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয়েছে । জেলা বিজেপি সভাপতি কল্যাণ গোস্বামী পুষ্পাকে পুষ্পস্তবক দিয়ে সম্মানিত করেন এবং ভবিষ্যতে সবধরণের সহযোগীতার প্রতিশ্রুতি দেন । উল্লেখ্য পুষ্পা সাহু গত ১৫ থেকে ১৯ জানুয়ারী ইন্দিনেশিয়ায় অনুষ্ঠিত এশিয়া কাপ ফুটবল কোয়ালিফাইং প্রতিযোগীতায় ভারতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন ।আজকের এই সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে জেলা বিজেপি সম্পাদক সঞ্জয় রায় , প্রাক্তন মন্ডল সভাপতি রূপক বিশ্বাস , প্রদীপ চক্রবর্তী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থার কাছাড় জেলা কমিটির উদ্যোগে আগামীকাল বিকেল সাড়ে চারটেয় শিলচর বঙ্গভবনে ‘স্টার সিমেন্ট বাকস বর্ষসেরা ২০২৪’ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠানে বিভিন্ন ইভেন্টে ২০২৪ বর্ষের কাছাড় জেলার ১৩জন কৃতী খেলোয়াড় এবং একজন ক্রীড়া সংগঠকের হাতে বর্ষসেরা পুরস্কার তুলে দেওয়া হবে ।

---------------------------------------------------------------------------------------